

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 30-07-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডে তিন দিনের সফরে আসছেন। পশ্চিমবঙ্গ সফরের সময় তিনি পশ্চিমবঙ্গের কল্যাণীতে এইমস-এর প্রথম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন।

ঝাড়খণ্ডেও রাষ্ট্রপতি এইমস দেওঘরের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন। পরে, তিনি ধানবাদের আইআইটি-ইন্ডিয়ান স্কুল অফ মাইনস এর ৪৫তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন।

\*\*\*\*\*

**Dharmendra Pradhan :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন যে জাতীয় শিক্ষা নীতি ২০২০ একটি দার্শনিক কাঠামো হিসেবে কাজ করে যা সার্বজনীনভাবে বিশ্বমানের শিক্ষার প্রচারের জন্য পরিকল্পনা করা হয়েছে এবং এটি ২০৪৭ সালের উন্নত ভারতের লক্ষ্য অর্জনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পথ হয়ে উঠেছে। গতকাল নতুনদিল্লিতে অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫-এর উদ্বোধনী অধিবেশনে বক্তৃতায় তিনি একথা বলেন।

#####Byte- Dharmendra Pradhan#####

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ভার্চুয়ালভাবে উদয়পুর মহকুমার তৈনানি গ্রামে পি কে সি পাড়া এইচ এস স্কুলে ছাত্রাবাসের শিলান্যাস করেন। তাছাড়া পিএম জনমন ও ধরতী আবা জনভাগিদারী অভিযান প্রকল্পে শান্তিরবাজার মহকুমার ৪টি স্কুলের ৬টি উপজাতি ছাত্রাবাস এবং ছাত্রীনিবাসেরও ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

গতকাল নয়াদিল্লির ভারত মন্ডপমে আয়োজিত 'অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫' শীর্ষক সেমিনারে রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Inquiry Committee :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার নির্দেশে, মাধ্যমিক শিক্ষা দপ্তর দ্বাদশ শ্রেণির ছাত্রী ত্রিশা মজুমদারের আত্মহত্যার অভিযোগ তদন্তের জন্য একটি কমিটি গঠন করেছে। প্রয়াত ছাত্রী দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়ার বড়পাথরিতে সোনারপুর স্কুলের পড়ুয়া। কমিটিতে রয়েছেন প্রাথমিক শিক্ষা বিভাগের যুগ্ম অধিকর্তা লিসা বর্ধন, মাধ্যমিক শিক্ষা দপ্তরের ওএসডি কাজল কুমার ভৌমিক এবং পশ্চিম ত্রিপুরার জেলা শিক্ষা দপ্তরের ওএসডি সুদীপ সরকার রয়েছেন। স্কুলের একজন শিক্ষকের তিরস্কারের পরেই ছাত্রীটি এই চরম পদক্ষেপ নিয়েছে বলে অভিযোগ রয়েছে। কমিটি ঘটনার সকল দিক নিয়ে পুঙ্খানুপুঙ্খ তদন্ত করবে এবং আজকের মধ্যে প্রতিবেদন জমা দেবে।

\*\*\*\*\*

### **MMBY :**

কল্যাণপুর আর ডি ব্লকের পঞ্চায়েত গবেষণা কেন্দ্রে মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা় বন্যায় ক্ষতিগ্রস্ত ৫৬৩ জন মৎস্য চাষীকে আর্থিক সহায়তা এবং সাতজন মৎস্য বিক্রেতাকে বরফের বাস্তু প্রদান করা হয়। মৎস্য চাষীদের প্রত্যেককে ২ হাজার ৮৮০ টাকা করে তাদের নিজ নিজ একাউন্টে প্রদান করা হয়।

একই সঙ্গে মৎস্য চাষীদের বিভিন্ন সরকারি প্রকল্পে সুযোগ গ্রহণের ক্ষেত্রে বাধ্যতামূলক রেজিস্ট্রেশন এবং জীবন বীমা করানো হয়।

\*\*\*\*\*

### **Disaster Management Meeting :**

পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমারের পৌরোহিত্যে আগরতলায় গতকাল প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার জন্য গঠিত সমন্বয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সদর মহকুমা শাসক ও বিভিন্ন এন.জি.ও-র প্রতিনিধিরা। বৈঠকে প্রাকৃতিক বিপর্যয়কালীন সময়ে কিভাবে কার্যকরি সমন্বয়ের মাধ্যমে ত্রাণ ও উদ্ধারকার্যে দ্রুত পদক্ষেপ নেওয়া যায়, সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

\*\*\*\*\*

### **Manipur :**

মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ আগামী ১৩ আগস্ট থেকে আরও ছয় মাসের জন্য বাড়ানোর প্রস্তাব বিবেচনা করতে বিজনেস এডভাইসারি কমিটি দু'ঘন্টা সময় বরাদ্দ করেছে। রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ গতকাল রাজ্যসভায় এই ঘোষণা করেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বাড়ানোর জন্য সংসদের চলমান বর্ষাকালীন অধিবেশনে উচ্চক্ষেত্র একটি বিধিবদ্ধ প্রস্তাব উত্থাপন করবেন। মুখ্যমন্ত্রী এন. বীরেন সিং এর পদত্যাগের পর চলতি বছরের ১৩ ফেব্রুয়ারি মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়।

\*\*\*\*\*

### **Guru purnima Festival :**

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব বিলোনিয়ার পুরাতন টাউন হলে গতকাল অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে, দক্ষিণ জেলা পরিষদ ও বিলোনিয়া পুর পরিষদের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত।

\*\*\*\*\*

### **Under-18 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতার খেলায় গতকাল পোলস্টার ক্লাব জয়লাভ করেছে।

নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় পোলস্টার ক্লাব ৮ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

### **First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতে খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-১ গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*